২৬/১০/২০০৩

দৈনিক ইনকিলাব

তারিখ ...

পৃষ্ঠা ৪ কলাম ৬

# মাদ্রাসা শিক্ষা বোর্ডে জরুরী ভিত্তিতে একজন সৎ ও যোগ্য চেয়ারম্যান নিয়োগ করুন

## —আইসিপি

**প্রেস বিজ্ঞপ্তি ঃ** বাংলাদেশ ইসলামী ছাত্র পরিষদ (আইসিপি)-এর কেন্দ্রীয় সভাপতি হাফেজ গোলাম মোস্তফা, সাধারণ সম্পাদক এস এম আবু তাহের ও সাংগঠনিক সম্পাদক হাফেজ বেলাল হোসাইন ভূঁইয়া একযুক্ত বিবৃতিতে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের বিতর্কিত, দুর্নীতিবাজ চেয়ারম্যান ডঃ মোঃ আবু বকর সিদ্দিকের চুক্তিভিত্তিক নিয়োগ বাতিল করায় সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে আন্তরিক ধন্যবাদ জানিয়েছেন। বিবৃতিতে তারা মাদ্রাসা শিক্ষা বোর্ডের মত একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চেয়ারম্যানের মত সরকারের উচ্চ পদস্থ কর্মকর্তার পদটি বর্তমানে শূন্য থাকায় বোর্ডের সংশ্লিষ্ট যাবতীয় কাজে বিঘ্ন ঘটছে বিধায় অবিলম্বে যোগ্য, একনিষ্ঠ, ইসলামী চেতনাসম্পন্ন একজন সৎ চেয়ারম্যান জরুরী ভিত্তিতে নিয়োগ করার জন্য সরকারের প্রতি আহবান জানিয়েছেন।